

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ২৩. ১. কোন্ জাকারিয়া পবিত্র স্থানে খুন হয়েছিলেন?

যীশু তাঁর সময়ের ইহুদিদের অভিশাপ দিয়ে বলেন: "এজন্য নির্দোষ হাবিলের খুন থেকে শুরু করে আপনারা যে বরখিয়ের ছেলে জাকারিয়াকে (Zacharias son of Barachias/ Barachiah) পবিত্র স্থান আর কোরবানগাহের (কেরি: মন্দিরের ও যজ্ঞবেদির: the temple and the altar) মাঝখানে খুন করেছিলেন, সেই জাকারিয়ার খুন পর্যন্ত দুনিয়াতে যত নির্দোষ লোক খুন হয়েছে আপনারা সেই সমস্ত রক্তের দায়ী হবেন।" (মথি ২৩/৩৫, মো.-০৬। পুনশ্চ: লূক ১১/৫০-৫১)

এখানে যীশু উল্লেখ করেছেন যে, 'বরখিয়ের পুত্র জাকারিয়া'-কে ইহুদিরা পবিত্র স্থান ও কোরবানগাহের মাঝখানে খুন করেন। যীশুর এ কথাটা ভুল। তিনি পিতার নামে ভুল করেছেন। ইহুদিরা বরখিয়ের পুত্র জাকারিয়াকে হত্যা করেননি। তারা যিহোয়াদার পুত্র জাকারিয়াকে (Zechariah son of the priest Jehoiada) খুন করেছিলেন। বরখিয়ের পুত্র জাকারিয়া একজন নবী ছিলেন। পুরাতন নিয়মের মধ্যে বিদ্যমান 'সখরিয়/জাকারিয়া' পুস্তকটা তাঁর রচিত বলে মনে করা হয়। এ পুস্তকের শুরুতে বলা হয়েছে যে, জাকারিয়ার পিতার নাম ছিল বরখিয় এবং বরখিয়ের পিতার নাম ছিল ইন্দো (Zechariah, the son of Berechiah, the son of Iddo the prophet) (জাকারিয়া/ সখরিয় ১/১)। তবে ইয়া পুস্তকের বক্তব্য অনুসারে জাকারিয়া নিজেই ইন্দোর পুত্র ছিলেন (Zechariah the son of Iddo) (ইয়া ৫/১ ও ৬/১৪)। তিনি পারস্যের বাদশাহ দারিয়াস (Darius)-এর রাজত্বের দ্বিতীয় বছরে খ্রিষ্টপূর্ব ৫২০ সালের দিকে নবী হন।

পক্ষান্তরে যিহোয়াদার পুত্র জাকারিয়া অনেক আগের যুগের একজন যাজক বা ইমাম ছিলেন। তাঁর হত্যাকাণ্ড-র ঘটনা নিম্নরূপ: "তখন আল্লাহর রূহ ইমাম যিহোয়াদার ছেলে জাকারিয়ার উপর আসলেন। তিনি লোকদের সামনে দাঁড়িয়ে বললেন, 'আল্লাহ এই কথা বলছেন, মাবুদের হুকুম তোমরা অমান্য করছ কেন? তোমরা এতে সফল হবে না। তোমরা মাবুদকে ত্যাগ করেছ বলে তিনিও তোমাদের ত্যাগ করেছেন।' কিন্তু লোকেরা জাকারিয়ার বিরুদ্ধে ষড়যন্ত্র করল এবং বাদশাহর হুকুমে মাবুদের ঘরের উঠানে তাঁকে পাথর ছুঁড়ে হত্যা করল।" (২ বংশাবলি/খান্দাননামা ২৪/২০-২১, মো.-০৬)

সাধারণ কোনো মানুষ মানবীয় স্মৃতি বৈকল্যের কারণে এরূপ ভুল করতে পারেন। তবে স্বয়ং ঈশ্বর কি এরূপ ভুল করবেন? ঈশ্বরের অভ্রান্ত বাক্যে কি এরূপ ভুল হতে পারে? এমনকি কোনো ইহুদি পণ্ডিত বা যাজকও এরূপ ভুল করবেন না!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14372

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন